# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) অনলাইন ট্রেডিং মামলায় অভিযুক্ত সুমি বরা এবং তার স্বামী তার্কিক বরাকে পাঁচদিনের জন্যে পুলিশি হেফাজতে প্রেরণ/

(২) রাজ্যে অবৈধ ট্রেডিং সম্পর্কিত অপরাধের অভিযোগ উত্থাপিত হওয়ার পরিপ্রেক্ষিতে জনসাধারণকে এধরণের ভূয়ো অনলাইন স্টক মার্কেটে বিনিয়োগ না করতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নির্দেশ/

(৩) আসাম লোকসেবা আয়োগের বিভিন্ন পরীক্ষায় অর্থের বিনিময়ে চাকরি নেওয়া সংক্রান্ত মামলার বিশেষ তদন্তকারী গোষ্ঠীর বিশেষ আদালতে পুনরায় অভিযোগনামা দাখিল/

এবং

৪) সিপিআইএম এর সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির নতুন দিল্লিতে দেহাবসান/ রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মূ সহ বিশিষ্টজনের শোক প্রকাশ/ সিপিআইএম এর রাজ্য কমিটির সাধারণ সম্পাদক সহ অন্যান্যদের শিলচরে আয়োজিত শ্রদ্ধা অনুষ্ঠানে প্রয়াতের প্রতি শোক প্রকাশ।

---------------------------------------------------------------------------

আসামে সম্প্রতি অবৈধ ট্রেডিং অপরাধের অভিযোগ উত্থাপিত হওয়ার পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জনসাধারণকে এধরণের ভূয়ো অনলাইন স্টক মার্কেট ব্যবসায় বিনিয়োগ না করার আহ্বান জানিয়েছেন । বিনিয়োগ করা অর্থ খুব কম সময়ের মধ্যে দ্বিগুণ হবে বলে কেউ দাবী করলে, তা স্পষ্টতঃ ভূয়ো বলে তিনি উল্লেখ করেন । তিনি একইসঙ্গে এধরণের অপরাধ রোধ করার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন ।

এদিকে অনলাইন ট্রেডিং মামলায় অভিযুক্ত সুমি বরা এবং তার স্বামী তার্কিক বরা ডিব্রুগড় পুলিশের কাছে আত্মসমর্পণ করেছে । ভূয়ো ট্রেডিংয়ের নামে কোটি কোটি টাকা লুণ্ঠন করার অভিযোগে বিশাল ফুকন নামের যুবককে গ্রেপ্তার করার পর থেকে সুমি বরা এবং তার স্বামী পলাতক ছিল । দশদিন ধরে পলাতক থাকার পরিপ্রেক্ষিতে আসাম পুলিশকে তাদের জন্যে লুক-আউট বিজ্ঞপ্তি জারী করতে হয়েছিল । ডিব্রুগড় পুলিশ অভিযান চালিয়ে এমাসের শুরুতে গ্রেপ্তার করা এই কেলেঙ্কারীর মূল অভিযুক্ত বিশাল ফুকনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে সুমি বরা এবং তার স্বামীকেও আটক করেছে । অভিযুক্তরা ট্রেডিং ব্যবসায় বিনিয়োগ করার জন্যে বহু লোককে প্রলোভন দেখাচ্ছিল । এবং দুমাসের মধ্যে তাদের গচ্ছিত অর্থের ৩০ শতাংশ ফিরিয়ে দেবার প্রতিশ্রুতি দিচ্ছিল । তারা এমনকি ভূয়ো তথ্য প্রদান করেও বিনিয়োগকারীদের প্রলোভিত করছিল । আজ আটক করার পর পুলিশ তাদের নিজের হেফাজতে নিয়ে নিয়েছে ৫ দিনের জন্য।

অন্যদিকে গুয়াহাটি পুলিশ আজ বরঝাড়ের গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে অবৈধ অর্থ লেনদেনের সঙ্গে জড়িত অন্য একজন অভিযুক্ত মাইনাও ব্রহ্মকে গ্রেপ্তার করেছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে- গুরুতর অবৈধ অনলাইন ট্রেডিংয়ের ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে এপর্যন্ত ৪২ জনকে গ্রেপ্তার করা হয়েছে । এছাড়া অর্থের এধরণের অবৈধ লেনদেনের ব্যবসায় অভিযুক্ত অপর একজন দীপাঙ্কর বর্মণ এখনো পলাতক রয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

গৌহাটী মহানগরীর নিকটবর্তী সোনাপুরের কচুথলীতে আজ অবৈধভাবে দখল করা ভূমি উচ্ছেদকে কেন্দ্র করে দুজন ব্যাক্তি নিহত হয়েছেন । অবৈধ দখলকারীকে উচ্ছেদের জন্য প্রেরণ করা পুলিশ প্রশাসনের লোকেদের ওপর আক্রমণ করার পর পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশের গুলীচালনায় দুজন লোকের মৃত্যু হয় । ঘটনায় সোনাপুরের চক্র আধিকারিক সহ পুলিশের কয়েকজন লোক আহত হয়েছেন । আহতদের সোনাপুর

জেলা চিকিৎসালয়ে ভর্তি করানো হয় । উল্লেখ্য প্রশাসন অঞ্চলটিতে অবৈধভাবে দখল করে রাখা লোকেদের সরে যাবার জন্য আগেই নির্দেশ জারী করেছিলো । কিন্তু উচ্ছেদের নির্দেশের পরও লোকেরা ভূমি ছেড়ে না যাওয়ায় পুলিশ প্রশাসন উচ্ছেদ অভিযান চালিয়েছিলো ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় ক্যাবিনেট আবহাওয়ার পূর্বাভাস এবং জলবায়ু সম্পর্কিত তথ্যের ক্ষেত্রে অধিক সামর্থ আহরণের উদ্দেশ্যে মিশন মৌসম যোজনার প্রস্তাবে অনুমোদন জানানো হয়েছে । এই যোজনার বাবদ দুই বছরের দুহাজার কোটি টাকা ব্যয় করা হবে। নতুনদিল্লিতে সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ বলেছেন যে- ধরিত্রী বিজ্ঞান বিভাগের রূপায়ণ করার জন্য গ্রহণ করা এই যোজনার ফলে দেশে আবহাওয়া এবং জলবায়ু সম্পর্কিত বিজ্ঞানের গবেষণা এবং এই পরিষেবার প্রসার ঘটবে । মিশন মৌসমের আওতায় উন্নত সেন্সর, উচ্চ ক্ষমতা সম্পন্ন সুপার কম্পিউটার এবং ভৌগলিক তথ্য ব্যবস্থা বিশিষ্ট পরবর্তী প্রজন্মের রাডার এবং কৃত্রিম উপগ্রহ প্রণালী স্থাপন করা হবে । এরফলে কৃষি, দুর্যোগ ব্যবস্থাপনা, প্রতিরক্ষা, পরিবেশ, বিমান পরিবহণ, জলসম্পদ, শক্তি, পর্যটন, জাহাজ চলাচল, পরিবহণ, বিদ্যুৎ এবং স্বাস্থ্যের মতো বহু ক্ষেত্রেই উপকৃত হবে । শহরাঞ্চল পরিকল্পনা, সড়ক ও রেল পরিবহণ, উপকূল সঞ্চালনা ও জলবায়ু নিরীক্ষণের মতো ক্ষেত্রগুলিতে তথ্য ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার উন্নয়নে সহায়ক হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রীসভা আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে ৭০ বছর বয়সের উর্ধে সব প্রবীণ নাগরিকদের স্বাস্থ্য বীমার সুবিধা প্রদানের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । মন্ত্রীসভার বৈঠকের পর গতকাল নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন যে এই সিদ্ধান্তের ফলে প্রবীণ নাগরিকরা ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসার সুবিধা লাভ করবেন । তিনি বলেন যে এতে দেশের প্রায় সাড়ে চার কোটি পরিবার এবং ৬ কোটি প্রবীণ নাগরিক উপকৃত হবেন । যোগ্য প্রবীণ নাগরিকদের আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে পৃথক নতুন কার্ড প্রদান করা হবে । যোজনার আওতায় ইতিপূর্বে অর্ন্তভুক্ত পরিবারের ৭০ বছর অথবা এর উর্দ্ধে প্রবীণ নাগরিকরা প্রতিবছর নিজের জন্য ৫ লক্ষ টাকা পর্যন্ত টপ আপ কভার অর্থাৎ বর্তমান পলিসি সীমার অধিক অর্থের বীমা সুবিধা লাভ করবেন । বেসরকারী বীমা পলিসি অথবা কর্মচারী রাজ্য বীমা প্রকল্পের অধীনে ৭০ বছর বা

তার উর্দ্ধে প্রবীণ নাগরিকরাও এই যোজনার সুবিধা লাভের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন ।

---------------------------------------------------------------------------------------

বাংলাদেশে অর্ন্তবর্তী সরকার সংবিধান সহ ছটি গুরুত্বপূর্ন ক্ষেত্রে সংস্কার সাধনের উদ্দেশ্যে ষষ্ঠ কমিশন গঠনের কথা ঘোষণা করেছে । মূখ্য উপদেষ্টা মহম্মদ ইউনুস গতকাল সন্ধ্যায় টেলিভিশনের মাধ্যমে জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে একথা জানান । এই ক্ষেত্রগুলি হচ্ছে সংবিধান , নির্বাচনী প্রক্রিয়া ,আইন ব্যাবস্থা,পুলিশ ,দুর্নীতি বিরোধী আইন এবং প্রশাসন ব্যাবস্থা । মহম্মদ ইউনুস বলেছেন যে এই কমিশনের প্রধান হিসেবে ছয়জন বিশিষ্ট ব্যাক্তিকে নিয়োগ করা হয়েছে । এই ছয়জন ব্যাক্তির সঙ্গে আলোচনার পর কমিশনের অন্যান্য সদস্যদের নাম চূড়ান্ত করা হবে । তিনি বলেন যে আগামী পয়লা অক্টোবর থেকে কমিশনের কাজকর্ম আরম্ভ হবার সম্ভাবনা রয়েছে এবং পরবর্তী তিনমাসের মধ্যে কমিশন তাদের কাজকর্ম সম্পূর্ন করবে বলে আশা করা হচ্ছে । কমিশনের প্রতিবেদনের ওপর ভিত্তি করে পরবর্তী পর্যায়ে সরকার দেশের গুরুত্বপূর্ন রাজনৈতিক দলগুলির সঙ্গে মিলিত হবে বলেও তিনি জানান । দেশে একটি সম্পূর্ণ স্বচ্ছ নির্বাচনী ব্যাবস্থা ও সু-প্রশাসন গড়ে তোলাই এই সংস্কার কার্যসূচীর অন্যতম গুরুত্বপূর্ন লক্ষ্য বলেও প্রফেসর ইউনুস উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের বিভিন্ন পরীক্ষায় অর্থের বিনিময়ে চাকুরী গ্রহণের মামলায় আজ বিশেষ তদন্তকারী গোষ্ঠী বিশেষ আদালতে পুনরায় একটি অভিযোগনামা দাখিল করেছে । ১৫৬ পৃষ্ঠার এই অভিযোগনামায় ২৩ জন গ্যাজেটেড আধিকারিকের নাম রয়েছে । এর পূর্বে বিশেষ তদন্তকারী গোষ্ঠী গত ২০ জুন ৪ জন আধিকারিকের বিরুদ্ধে অভিযোগনামা দাখিল করেছিলো ।

---------------------------------------------------------------------------------------

সি পি আই (এম) এর সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরী দীর্ঘ রোগভোগের পর আজ নতুন দিল্লীর অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স ( এইমস ) এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিলো ৭২ । তিনি বিগত কয়েকদিন ধরে কৃত্রিম শ্বাস প্রশ্বাসের সহায়তায় ছিলেন ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ সি পি আই (এম) এর সাধারণ সম্পাদকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে সীতারাম ইয়েচুরির মৃত্যুতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে সি পি আই (এম) কাছাড় জেলা কমিটির কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় দলের আসাম রাজ্য কমিটির সম্পাদক সুপ্রকাশ তালুকদার উপস্থিত ছিলেন । প্রয়াত ইয়েচুরীর প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি বলেন যে ২০১৫ সাল থেকে আমৃত্যু তিনি দলের সাধারণ সম্পাদকের দায়িত্ব নির্বাহ করে গেছেন । ২০০5 থেকে ২০১৭ পর্যন্ত তিনি রাজ্যসভার সদস্য ছিলেন ।দেশের বর্তমান পরিস্থিতিতে ইয়েচুরির মৃত্যু দলের জন্য অপূরণীয় ক্ষতি বলে তিনি মন্তব্য করেন ।

সমীরণ আচার্যের পৌরহিত্যে সভায় এক মিনিট নীরবতা পালন করে প্রয়াত সীতারাম ইয়েচুরির স্মরণে শোক প্রস্তাব উত্থাপন করেন দলের জেলা সম্পাদক দুলাল মিত্র । এছাড়া আগামী ১৮ই সেপ্টেম্বর শিলচরে দলীয় কার্যালয়ে স্মরণ সভা আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- শিলচর-কুম্ভীরগ্রাম সড়কে সদরঘাটের নতুন সেতুর মেরামতের কাজের জন্য আজ থেকে আগামী পয়লা অক্টোবর পর্য্যন্ত ঐ সেতু দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- এই সময়কালে পুরনো সেতু দিয়ে সব ধরনের যান চলাচল করতে পারবে ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে অল ইন্ডিয়া ডেমোক্রেটিক ইয়ুথ অরগেনাইজেশনের কাছাড় জেলা কমিটির উদ্যোগেও আজ বিভিন্ন দাবীর সর্মথনে বদরপুরে এরিয়া ম্যানেজারের মাধ্যমে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণের কাছে স্মারক পত্র পাঠানো হয়েছে । স্মারক পত্রে ভারতীয় রেলের লক্ষ লক্ষ শূন্য পদে কর্মী নিয়োগ , রেলের বেসরকারীকরন ও বানিজিকিকরন বন্ধ করা , প্রতিটি এক্সপ্রেস ট্রেনে স্লিপার কোচ ও অসংরক্ষিত সাধারন কোচের সংখ্যা বৃদ্ধি করার দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে সংগঠনের কাছাড় জেলা সভাপতি অঞ্জন কুমার চন্দ , জেলা সম্পাদক বিজিৎ কুমার সিনহা , সহ-সভাপতি পরিতোষ ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট এক্সামিনিশনের তৃতীয় ও চর্তুথ শ্রেণীর পদের পরীক্ষার জন্য আগামী ১৫ ও ২৯শে সেপ্টেম্বর সকাল ৬টা থেকে বিকেল ৫টা পর্য্যন্ত কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । এই নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে- পরীক্ষা কেন্দ্রগুলির একশ মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্যান্য ব্যাক্তিদের

ভীড় ও যানবাহনের অবৈধ পার্কিং সম্পূর্ন নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া পরীক্ষার্থীরা পরীক্ষা হলে মোবাইল ফোন , ইলেকট্রনিক ডিভাইস বহন করতে পারবেন না ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কেন্দ্রীয় সমিতির উদ্যোগে ও সম্মেলনের করিমগঞ্জ জেলা সমিতির ব্যবস্থাপনায় আগামীকাল ও আগামী শনিবার করিমগঞ্জ মিশন রোডের বিপিনচন্দ্র পাল স্মৃতি ভবনে সৈয়দ মুজতবা আলি সাহিত্য উৎসব অনুষ্ঠিত হবে । দু দিনের এই সাহিত্য উৎসবে সর্বস্তরের নাগরিককে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের অম্বিকাপুর পূর্বপাড়া ও হাসপাতাল রোড দূর্গাপূজা কমিটির ব্যবস্থাপনায় আগামী ১৫ ই সেপ্টেম্বর অম্বিকাপট্টির পুরনো মা ভবনে বিনামূল্যে মেডিসিন , ইউরোলজি, নাক-কান-গলা ,সার্জারি ও চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে । এই শিবিরে সংলগ্ন এলাকার জনসাধারণ সহ ইচ্ছুক রোগীদের এসে স্বাস্থ্য পরীক্ষা করানোর আহ্বান জানানো হয়েছে । শিবিরটি ঐদিন সকাল সাড়ে নটায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত নক আউট ফুটবল প্রতিযোগীতার ফাইনাল খেলায় আলগাপুর ফুটবল ক্লাব বিজয়ী হয়েছে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনালে আজ আলগাপুর ফুটবল ক্লাব৩-১ গোলে ভাটিরকোপা এফ সি-কে পরাজিত করে । আলগাপুর ফুটবল ক্লাবের সালমান হোসেন লস্কর দুটি গোল করেন । খেলার পর খেলোয়াড়দের হাতে পুরষ্কার তুলে দেন জেলা ক্রীড়া সংস্থার সভাপতি রাহুল রায় সহ সংস্থার অন্যান্য কর্মকর্তারা ।

---------------------------------------------------------------------------------------